

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ভূমি মন্ত্রণালয়  
প্রশাসন-৩ অধিশাখা  
[www.minland.gov.bd](http://www.minland.gov.bd)

স্মারক নং-৩১.০০.০০০০.০৩৭.০৩.১০৪.২০১৭-৪৬


তারিখ: ০৮/০২/২০১৮খ্রিঃ

বিষয়: অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা(Grievance Redress System-GRS) সংক্রান্ত নিষ্পত্তিকৃত অভিযোগের তালিকা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে ভূমি মন্ত্রণালয়ের জানুয়ারি-২০১৮ মাসের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা (Grievance Redress System-GRS) সংক্রান্ত সমন্বিত প্রতিবেদন পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

| বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা |         | মোট(১+২) | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ   | অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | মন্তব্য |
|--------------------------------------|---------|----------|---|---|-------------------------------|---------|
| পত্র/দরখাস্ত যোগে                    | অনলাইনে |          |   |   |                               |         |
| ০১                                   | ০২      | ০৩       | ০৪  | ০৫  | ০৬                            | ০৭      |
| ০৩                                   | ০২      | ০৫       | ০৫  |   | ০০                            |         |
|                                      |         |          |   | <p>১. জনাব মো: আজিজুর রহমান, সাং: হেতালবুনিয়া, হাল সাং: বটিয়াঘাটা, সদর, খুলনা কর্তৃক খুলনা জেলার বটিয়াঘাটা উপজেলা ভূমি অফিসের সার্টিফিকেট পেশকার জনাব লিটন হালদার-এর বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে তদন্তপূর্বক ব্যবস্থা গ্রহণ করে আগামী ৩০ কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দাখিলের জন্য জেলা প্রশাসক, খুলনা-কে অনুরোধ করা হয়েছে।</p> <p>২. জনাব মো: হাফিজার রহমান, পিতা: মৃত ফনির উদ্দিন, গ্রাম: পশ্চিম শিবরাম, থানা: সুন্দরগঞ্জ, জেলা: গাইবান্ধা কর্তৃক ইটভাটা স্থাপনের মাধ্যমে আবাদী জমি ধ্বংস করার বিষয়ে আনীত অভিযোগ তদন্তপূর্বক বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করে পত্র প্রাপ্তির ৩০ কর্মদিবসের মধ্যে অবহিত করার জন্য জেলা প্রশাসক, গাইবান্ধা-কে অনুরোধ করা হয়েছে।</p> <p>৩. জনাব মো: জহিরুল ইসলাম কর্তৃক উপ-সহকারী স্টেটসমেন্ট অফিসার/কানুনেগো পদ হতে সিনিয়রদের বাদ দিয়ে বা অতিক্রান্ত করে জুনিয়রদের সহকারী স্টেটসমেন্ট অফিসার/ অতিরিক্ত ভূমি লুকুম দখল কর্মকর্তা পদে পদোন্নতি প্রদানের বিষয়ে আনীত অভিযোগের বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করে অবহিত করার জন্য উপসচিব(মাঠপ্রশাসন), ভূমি মন্ত্রণালয়-কে অনুরোধ করা হয়েছে।</p> <p>৪. মোসাম্মদ রাজিয়া বেগম এর নিজ নামে নামজারির পাতায় অন্য একটি পাতা আঠা দিয়ে লাগিয়ে ভুয়া নামজারিকরণ এবং ১৯৭৪ ও ১৯৭৫ সালের জমি রেজিস্ট্রার অফিসের রেজিস্ট্রেশনকৃত ভলিউমের পাতা ফাঁকা থাকায় সেই স্থানে জাল দলিল এন্ট্রি করে ঢাকা জেলা প্রশাসকের কার্যালয়ের এল.এ. শাখা কর্তৃক সঠিক ব্যক্তিদের সাথে প্রতারণা করে এল.এ. শাখায় কতিপয় ব্যক্তি রাতারাতি অর্থশালী হয়। সঠিক ব্যক্তিদের হয়রানির বিষয়ে আগামী ৩০(ত্রিশ) দিনের মধ্যে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য জেলা প্রশাসক, ঢাকা-কে অনুরোধ করা হয়েছে।</p> |                               |         |

|  |  |  |  |  |  |  |
|--|--|--|--|--|--|--|
|  |  |  |  | <p>৫. নারায়ণগঞ্জ জেলার ফতুল্লা থানার এসিল্যান্ড অফিসের দুর্নীতিবাজ অফিসারদের কারণে নিরীহ মানুষ হয়রানি হচ্ছে। তাদের দুর্নীতির কারণে তদন্তপূর্বক ব্যবস্থার জন্য আগামী ৩০(ত্রিশ) দিনের মধ্যে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য জেলা প্রশাসক,নারায়ণগঞ্জকে অনুরোধ করা হয়েছে।</p> |  |  |
|--|--|--|--|--|--|--|



(মো: মজিবর রহমান )

যুগ্ম-সচিব(প্রশাসন)

ও

অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা

ফোনঃ ৯৫৪৬৫১০

E.mail:mojiburrahman3680@gmail.com

মন্ত্রিপরিষদ সচিব

মন্ত্রিপরিষদ বিভাগ

বাংলাদেশ সচিবালয়,ঢাকা

(দৃষ্টি আকর্ষণ: সিনিয়র সহকারী সচিব,সুশাসন ও অভিযোগ ব্যবস্থাপনা শাখা)

স্মারক নং-৩১.০০.০০০০.০৩৭.০৩.১০৪.২০১৭-৪৬/১(৩)

তারিখ:০৮/০২/২০১৮খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ০১। উপসচিব(প্রশাসন),ভূমি মন্ত্রণালয়।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব,ভূমি মন্ত্রণালয়। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০৩। প্রোগ্রামার,ভূমি মন্ত্রণালয় (তাকে পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো )
- ০৪। মাস্টার কপি।
- ০৫। অফিস কপি।



(মো: মজিবর রহমান )

যুগ্ম-সচিব(প্রশাসন)

ও

অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা